গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৭৮০০.০০০.১৪.১১৪.১৫.৭৭২৬

তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৩
১২ জুলাই ২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে পটুয়াখালী জেলা পরিষদের এডিপি সাধারণ তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ পটুয়াখালী জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.১১.০২৪.১৫-৩৭৬, তারিখঃ ১৫/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) হাজার টাকায় গৃহীত ২৩ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো ঃ

শর্তসমূহঃ

১) পিপিআর ২০০৮ এবং এতদ্সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
২) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
৩) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ পটুয়াখালী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথাটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১২/৭/১৬
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপিঃ

১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রশাসক, জেলা পরিষদ, পটুয়াখালী।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

-৭৪-

জেলা পরিষদ কার্যালয়
পটুয়াখালী।

স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.১১.০২৪.১৫ - ৬৭৬ তারিখঃ ১৮ /০৫/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে পটুয়াখালী জেলা পরিষদের আওতায় এডিপি সংশোধিত বিভাজন (সাধারণ বরাদ্দ) উপ খাতের বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রসংগে :

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.৪২.০০০০.০০০.২০.০০২.১৫.১০৬৮, তারিখঃ ২১/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে পটুয়াখালী জেলা পরিষদের বিপরীতে এডিপি থোক বরাদ্দের সংশোধিত বিভাজন অনুযায়ী এডিপি **'সাধারণ বরাদ্দ'** উপখাতের আওতায় এ জেলা পরিষদের অনুকূলে ২৪,০০,০০০/-(চব্বিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণের জন্য এ জেলাধীন বিভিন্ন আসনের মাননীয় সংসদ সদস্য/উপজেলা চেয়ারমানগণ বিভিন্ন উন্নয়ন প্রকল্প তালিকা প্রেরণ করেছেন। বিগত ০৮/০৫/২০১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত এ জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় ২৩টি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্পের মধ্যে ১৪টি প্রকল্প **১৫,৫০,০০০/-(পনের লক্ষ পঞ্চাশ হাজার)** টাকায় দরপত্রের মাধ্যমে এবং ০৯টি প্রকল্প **৮,৫০,০০০/-(আট লক্ষ পঞ্চাশ হাজার)** টাকায় সিপিপিসি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত ২৩টি প্রকল্পের বিস্তারিত বিবরণ নিম্নরুপ:

ক্রংনং	প্রকল্পের বিবরণ	বরাদ্দের পরিমান
০১	সদরে নব তারা সোস্যাল অর্গানাইজেশনের আসবাবপত্র ক্রয় উন্নয়ন	২০০০০০.০০
০২	সদরে দি আরবান কো-অপারেটিভ আসবাবপত্র ক্রয়	১০০০০০.০০
০৩	সদরে কার্তিকপাশা আবদুস ছালাম সোনালী জামে মসজিদ উন্নয়ন	১০০০০০.০০
০৪	দুমকী উপজেলাধীন পাঙ্গাশিয়া মরহুম এছাহাক সিকদারের বাড়ীর পশ্চিম পার্শ্বে কবরস্থানের গাইড ওয়াল নির্মাণ	১০০০০০.০০
০৫	দুমকী উপজেলাধীন ৭নং জলিশা আবদুর রব হাওলাদারের বাড়ীর দিঘীতে ঘাট নির্মাণ	১০০০০০.০০
০৬	দুমকী উপজেলাধীন পাঙ্গাশিয়া ধোপার হাট বাজারের মসজিদের খালে ঘাট নির্মাণ	১০০০০০.০০
০৭	দুমকী উপজেলাধীন রাজাখালী বাসষ্ট্যান্ড মডেল মাদ্রাসার গৃহ নির্মাণ	১০০০০০.০০
০৮	দুমকী উপজেলাধীন পাঙ্গাশিয়া বড় হুজুরের হাফিজিয়া মাদ্রাসা সংস্কার	১০০০০০.০০
০৯	বাউফল বানাজোড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে ওয়াজেদ জোমাদ্দার বাড়ী পর্যন্ত ইটের দ্বারা রাস্তা উন্নয়ন	১০০০০০.০০
১০	বাউফল রাজনগর মোস্তাজউদ্দিন গাজী বাড়ী হইতে সাহেব আলী মৃধা বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ	১৫০০০০.০০
১১	বাউফল কনকদিয়া মরহুম মুক্তিযোদ্ধা আঃ গফুর সিকদার বাড়ীর পুকুরে ঘাটলা নির্মাণ	১০০০০০.০০
১২	বাউফল নাজিরপুর বাংলা বাজার ইব্রাহিম ফারুক চেয়ারম্যান বাড়ীর সামনের খালে ঘাটলা নির্মাণ	১০০০০০.০০
১৩	কলাপাড়া উপজেলাধীন কুয়াকাটা বঙ্গবন্ধু মাধ্যমিক বিদ্যালয় আসবাবপত্র	১০০০০০.০০
১৪	কলাপাড়া উপজেলাধীন বড় বালিয়াতলী পন্ডিতবাড়ি কবরস্থান সংস্কার	১০০০০০.০০
১৫	কলাপাড়া উপজেলাধীন দৌলতপুর সিনিয়র মাদ্রাসা সংস্কার	১০০০০০.০০
১৬	কলাপাড়া উপজেলাধীন নাওভাঙ্গা আলিম মাদ্রাসা সংস্কার	৫০০০০.০০
১৭	রাঙ্গাবালী উপজেলাধীন বাহেরচর মডেল মাধ্যমিক বিদ্যালয় সংস্কার	১০০০০০.০০
১৮	রাঙ্গাবালী উপজেলাধীন বড়বাইশদা গাববুনিয়া খায়গো বাড়ীর জামে মসজিদ অসমাপ্ত কাজ সমাপ্ত করণ	১০০০০০.০০
১৯	রাঙ্গাবালী উপজেলাধীন বাহেরচর কেন্দ্রীয় জামে মসজিদ সংস্কার	১০০০০০.০০
২০	বাউফল উপজেলার উত্তর লক্ষীপাশা মুন্সিবাড়ী জামে মসজিদ সংস্কার	১০০০০০.০০
২১	বাউফল উপজেলার মধ্য মদনপুরা রাড়ী বাড়ি জামে মসজিদ সংস্কার	১০০০০০.০০
২২	দুমকী উপজেলার দক্ষিন মুরাদিয়া জৈনপুরী হাসানিয়া হিজবুদুল কোরানিয়া মাদ্রাসা ও এতিমখানা সংস্কার	১০০০০০.০০
২৩	দুমকী উপজেলার দক্ষিন মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা সংস্কার	১০০০০০.০০

এ অবস্থায়, পটুয়াখালী জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির বিগত **০৮/০৫/১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার** অনুমোদন ও সিদ্ধান্তের আলোকে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি **'সাধারণ বরাদ্দ'** উপখাতের আওতায় ২৪,০০,০০০/-**(চব্বিশ লক্ষ)** টাকায় গৃহীত **২৩টি** উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হল।

সংযুক্তঃ ১) বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্পের সারসংক্ষেপ- ০১ পাতা।
২) পটুয়াখালী জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী - ০৬ পাতা।
৩) পটুয়াখালী জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যদের হাজিরা - ০২ পাতা।
৪) প্রকল্প তালিকার সফ্ট কপি(সিডি) - ০১টি।

১৮/৫/২০১৬
(মোঃ ইসমাইল হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পটুয়াখালী।

সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জুবাইদা নাসরীন
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার